দৈনিক ইনকিলাব

১৩

তারিখ ০৫ MAR 1992 পৃষ্ঠা ২ কলাম ৪

05 MAR 1992

# শিক্ষকতাকে পেশা নয় মিশন হিসেবে নিতে হবেঃ শিক্ষামন্ত্রী

॥ ইনকিলাব রিপোর্ট ॥

গতকাল এক সেমিনারে শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমির উদ্দিন সরকার শিক্ষাক্ষেত্রে নৈতিকতার উপর গুরুত্বারোপ করে বলেন, শুধু পেশা হিসেবে নয়, শিক্ষকতাকে মিশন হিসেবে নিতে হবে। আর তা হলেই সকল সমস্যার সমাধান হবে।

আদর্শ শিক্ষক পরিষদের ঢাকা মহানগরী শাখার উদ্যোগে জাতীয় প্রেসক্লাব মিলনায়তনে আয়োজিত সেমিনারে শিক্ষামন্ত্রী প্রধান অতিথির ভাষণ দেন। তিনি বলেন, সত্যিকার অর্থে ভাল টেক্সট বই আমরা এখন পর্যন্ত ছাত্রদের হাতে তুলে দিতে পারিনি। শিক্ষামন্ত্রী শিক্ষাঙ্গনের সন্ত্রাসের বিরুদ্ধে সোচ্চার হবার জন্য ছাত্র-শিক্ষকদের প্রতি আহ্বান জানান।

সেমিনারে বিশেষ অতিথি হিসেবে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ডঃ শমসের আলী গ্রেড ভিত্তিতে বিভিন্ন পরীক্ষার ফলাফল দানের ব্যবস্থা প্রবর্তনের জন্য আহ্বান জানান। তিনি বলেন, গত ২০ বছরে মেধা তালিকায় যাদের নাম উঠেছে, তাদের কেই বা কি অবদান রাখতে পেরেছে। প্রফেসর শমসের আলী মেধা তালিকার ব্যবস্থা তুলে দেয়ার আহ্বান জানান।

আদর্শ শিক্ষক পরিষদের ঢাকা মহানগরী শাখার সভাপতি অধ্যাপক ফজলুল রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সেমিনারে আরো বক্তব্য রাখেন— ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন অনুষদের ডীন প্রফেসর ডঃ এরশাদুল বারী, দর্শন বিভাগের এসোসিয়েট প্রফেসর ডঃ আনিসুজ্জামান ও প্রিন্সিপাল আতাউর রহমান।

সেমিনারে ঢাকা ও রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি প্রফেসর ডঃ সাজ্জাদ হোসায়েন রচিত 'আমাদের শিক্ষার সংকট, কারণ ও প্রতিকার' শীর্ষক প্রবন্ধ পড়ে শোনান নূরুল ইসলাম। প্রবন্ধে বলা হয়, আমাদের দেশের শিক্ষায় অন্যান্য ত্রুটি বিচ্যুতির কথা বাদ দিলেও যে ত্রুটিটা সবচেয়ে বড় হয়ে নজরে পড়ে সেটা হল, বর্তমানে ছাত্ররা কোনরূপ নীতি শিখছে না। এর জন্য একদিকে রয়েছে ত্রুটিপূর্ণ টেক্সট বুকের সমস্যা, অন্যদিকে যারা শিক্ষকতা করছেন তাদের মধ্যেও নীতিজ্ঞান নেই বললেই চলে।